গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-সিলেট।
www.taxeszonesylhet.gov.bd

নথি নং-আ-৩/ কঃঅঃসিলেট/২০২১-২০২২/ তারিখঃ ০২-০৯-২০২১খ্রিঃ

## অফিস আদেশ

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৬ এর উপধারা (১) ক্লজ (সি) এবং উপধারা (২) এর ক্লজ (এ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ডের অধিক্ষেত্র আদেশ নং-জারাবো/কর-৪/অধিক্ষেত্র/২০১১/৪৮৭, তারিখঃ- ১৯/১০/২০১১ইং, জারাবো/কর-৪/অধিক্ষেত্র/৪৯১, তারিখঃ- ২৩/০৯/২০১১ইং এবং জাতীয় রাজস্ব বোর্ডের অধিক্ষেত্র সংক্রান্ত পত্র নথি নং-০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১৬(অংশ-১)/২৫২, তারিখঃ- ০১/০৮/২০২১ ইং এর পরিপ্রেক্ষিতে ইতিপূর্বে এই কর অঞ্চল হতে জারীকৃত সকল অধিক্ষেত্র আদেশ রহিত করে এতদ্বারা নিম্নবর্ণিত তফসীলের কলাম ৩ এ উল্লেখিত এলাকাসমূহ (Areas), ব্যক্তিগণ (Persons) অথবা ব্যক্তিসমূহ (Classes of Persons), মামলাসমূহ (Cases) অথবা মামলার শ্রেনীসমূহ (Classes of Cases), আয় (Income), আয়সমূহ (Classes of Income) এর অধিক্ষেত্র ও দায়িত্ব উহার বিপরীতে কলাম-২ এ উল্লেখিত সার্কেলের উপ কর কমিশনারগণের উপর ন্যস্ত করা হইল এবং ইহাতে অন্য কোন উপ কর কমিশনারের অধিক্ষেত্র থাকিবে না। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকিবে।

## তফশীল (The Schedule)

পরিদর্শী রেঞ্জ-১ (অতিরিক্ত কর কমিশনার) ঃ-

| ক্র:নং: | অধিক্ষেত্রের প্রকৃতি | অধিক্ষেত্র |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১। | সার্কেল-১ (কোম্পানীজ) | *ক) কোম্পানীজ অধিক্ষেত্র ঃ-*<br>সিলেট সিভিল বিভাগে অবস্থিত যে সকল লিমিটেড কোম্পানীর নামের আদ্যক্ষর B, F, P,S,T ও ইহাদের পরিচালকদের কর মামলাসমূহ।<br>*খ) বিশেষ অধিক্ষেত্র ঃ-*<br>সিলেট সিভিল জেলায় অবস্থিত সকল বেকারী ও মিষ্টিজাত দ্রব্যাদি তৈরী এবং বিক্রয়কারী প্রতিষ্ঠান, ব্রিক ফিল্ড, বেসরকারী সকল মেডিকেল কলেজ ও হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনষ্টিক সেন্টার, জুয়েলারী ব্যবসা সমুহের কর মামলাসমূহ। |
| ০২। | সার্কেল-২ (কোম্পানীজ) | *ক) কোম্পানীজ অধিক্ষেত্র ঃ-*<br>সিলেট সিভিল বিভাগে অবস্থিত যে সকল লিমিটেড কোম্পানীর নামের আদ্যক্ষর C,D,E,G,H,I,J,M,N,R,U ও ইহাদের পরিচালকদের কর মামলাসমূহ।<br>*খ) বিশেষ অধিক্ষেত্র ঃ-*<br>সিলেট সিভিল জেলার সকল আবাসিক হোটেল, মোটেল, চাইনীজ রেষ্টুরেন্ট, সাধারণ রেষ্টুরেন্ট ও C&F এজেন্ট এবং সকল প্রাইভেট স্কুল ও কলেজ, প্রাইভেট বিশ্ববিদ্যালয়/কোচিং সেন্টার, মানি চেঞ্জার, বিউটি পার্লার এবং জিম এর কর মামলাসমূহ। |
| ০৩। | সার্কেল-৩ | সিলেট সিটি কর্পোরেশন এর ওয়ার্ড নং-১,২,৩,৪,৫,৬,৭,৮ এর এলাকাসমূহে অবস্থিত (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ, সকল বৈতনিক ও পেশাজীবি করদাতা ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ০৪। | সার্কেল-৪ | সিলেট সিটি কর্পোরেশন এর ওয়ার্ড নং-১৪,১৫,১৬,১৭ এবং সংবাদপত্র ও বিজ্ঞাপন সংস্থার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ, সকল বৈতনিক ও পেশাজীবি করদাতা ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ০৫। | সার্কেল-৫ (বৈতনিক) | সিলেট সদর উপজেলার (সিলেট সিটি কর্পোরেশনসহ) সকল সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত ও কর্পোরেশনের বৈতনিক করদাতা এবং সরকারী-বেসরকারী নির্বিশেষে সকল ডাক্তারগণের (লিমিটেড কোম্পানীর পরিচালকগণ ব্যতীত) কর মামলাসমূহ। |
| ০৬। | সার্কেল-৬ (দক্ষিণ সুরমা ) | সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং- ২৫,২৬,২৭ ও সিলেট সদর উপজেলার জালালাবাদ ও হাটখোলা ইউনিয়নের (সকল বৈতনিক, পেশাজীবি, লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার এবং গোয়াইনঘাট, দক্ষিণ সুরমা ও ফেঞ্চুগঞ্জ উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল শ্রেণী-পেশার করদাতার কর মামলাসমূহ। |

পরিদর্শী রেঞ্জ-২ (যুগ্ম কর কমিশনার)ঃ-

| ক্র:নং: | অধিক্ষেত্রের প্রকৃতি | অধিক্ষেত্র |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০৭। | সার্কেল-৭ (কোম্পানীজ) | *ক) কোম্পানীজ অধিক্ষেত্র ঃ-* সিলেট সিভিল বিভাগে অবস্থিত যে সকল লিমিটেড কোম্পানীর নামের আদ্যক্ষর A, K, L, O, Q, V, W, X,Y, Z ও ইহাদের পরিচালকদের কর মামলাসমূহ। *খ) বিশেষ অধিক্ষেত্র ঃ-* সিলেট সিভিল জেলার সকল চা বাগান, ট্রাভেল এজেন্সী, সি,এন,জি ষ্টেশন, পেট্রোল পাম্প এবং কমিউনিটি সেন্টারসমুহের কর মামলাসমূহ। *গ) বিশেষ অধিক্ষেত্র ঃ* জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেমস্ লিমিটেড। |
| ০৮। | সার্কেল-৮ (বৈতনিক) | সিলেট সদর উপজেলার (সিলেট সিটি কর্পোরেশনসহ) সকল NGO, বেসরকারী বৈতনিক করদাতাবৃন্দ এবং আইনজীবি ও অন্যান্য পেশাজীবী (ডাক্তার ও লিমিটেড কোম্পানীর পরিচালকগণ ব্যতীত) করদাতার কর মামলাসমূহ। |
| ০৯। | সার্কেল-৯ (কন্ট্রাক্টরস) | সিলেট সিটি কর্পোরেশন এলাকার ওয়ার্ড নং-৯,১০,১১,১২,১৩ এবং সিলেট সদর উপজেলার টুকেরবাজার, কান্দিগাঁও, মোঘলগাঁও ইউনিয়নের (সকল বৈতনিক, পেশাজীবি, লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ এবং সিলেট সদর উপজেলার সকল ঠিকাদার ও আমদানী/রফতানীকারক (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) করদাতাগণের কর মামলা সমূহ। |
| ১০। | সার্কেল-১০ | সিলেট সিটি কর্পোরেশন এলাকার ওয়ার্ড নং ১৮,১৯,২০,২১,২২,২৩,২৪ এর (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ, সকল বৈতনিক ও পেশাজীবি করদাতা ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ১১। | সার্কেল-১১ (গোলাপগঞ্জ) | বিয়ানীবাজার, গোলাপগঞ্জ ও জকিগঞ্জ উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল শ্রেণী-পেশার করদাতার কর মামলাসমূহ। |
| ১২। | সার্কেল-১২ (বালাগঞ্জ) | বালাগঞ্জ, ওসমানীনগর ও বিশ্বনাথ উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল শ্রেণী-পেশার করদাতার কর মামলাসমূহ। |

পরিদর্শী রেঞ্জ-৩ (যুগ্ম কর কমিশনার)ঃ-

| ক্র:নং: | অধিক্ষেত্রের প্রকৃতি | অধিক্ষেত্র |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১৩। | সার্কেল-১৩ মৌলভীবাজার | মৌলভীবাজার পৌরসভা, সদর উপজেলা ও রাজনগর উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ১৪। | সার্কেল-১৪ ( শ্রীমঙ্গল) | শ্রীমঙ্গল পৌরসভা, শ্রীমঙ্গল ও কমলগঞ্জ উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ১৫। | সার্কেল-১৫ (কুলাউড়া) | কুলাউড়া, জুড়ি, বড়লেখা উপজেলা এলাকার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ১৬। | সার্কেল-১৬ (হবিগঞ্জ) | হবিগঞ্জ পৌর এলাকাসহ সদর উপজেলা, বানিয়াচং, লাখাই, আজমিরীগঞ্জ ও শায়েস্তাগঞ্জ উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ১৭। | সার্কেল-১৭ (মাধবপুর) | চুনারুঘাট ও মাধবপুর উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |

পরিদর্শী রেঞ্জ-৪ (যুগ্ম কর কমিশনার)ঃ-

| ক্র:নং: | অধিক্ষেত্রের প্রকৃতি | অধিক্ষেত্র |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১৮। | সার্কেল-১৮ সুনামগঞ্জ | সুনামগঞ্জ সদর, শান্তিগঞ্জ, শাল্লা, বিশ্বম্ভরপুর, ধর্মপাশা, মধ্যনগর, জামালগঞ্জ, তাহিরপুর উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ এবং সকল বৈতনিক করদাতা ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ১৯। | সার্কেল-১৯ (বৈতনিক) | সুনামগঞ্জ সিভিল জেলার সকল বৈতনিক করদাতা (ছাতক ও দোয়ারাবাজার ব্যতীত), বেসরকারী এন,জি,ও এবং দিরাই ও জগন্নাথপুর উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |

| | | |
|---|---|---|
| ২০। | সার্কেল-২০<br>(ছাতক) | ছাতক ও দোয়ারাবাজার উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |
| ২১। | সার্কেল-২১ | সিলেট সদর উপজেলার খাদিমপাড়া, খাদিমনগর ও টুলটিকর ইউনিয়নের (সকল বৈতনিক, পেশাজীবি, লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার এবং জৈন্তাপুর, কানাইঘাট ও কোম্পানীগঞ্জ উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল শ্রেণী-পেশার করদাতার কর মামলাসমূহ। |
| ২২। | সার্কেল-২২<br>(নবীগঞ্জ) | নবীগঞ্জ ও বাহুবল উপজেলার (লিমিটেড কোম্পানী ও ইহার পরিচালকগণ ব্যতীত) সকল করদাতার কর মামলাসমূহ। |

০২। কর অঞ্চল-সিলেট এর অধিক্ষেত্রভুক্ত হওয়ার যোগ্য কোন এলাকা, ব্যক্তি, ফার্ম, কোম্পানী ইত্যাদি যদি বাদ পড়ে এবং পরবর্তীতে প্রণিধানযোগ্য হয় তবে তাহা সিলেট জেলার ক্ষেত্রে সার্কেল-১ (কোম্পানীজ), মৌলভীবাজার জেলার ক্ষেত্রে সার্কেল-১৩ (মৌলভীবাজার), হবিগঞ্জ জেলার ক্ষেত্রে সার্কেল-১৬ (হবিগঞ্জ) এবং সুনামগঞ্জ জেলার ক্ষেত্রে সার্কেল-১৮ (সুনামগঞ্জ) এর অধিক্ষেত্রভূক্ত বলিয়া গণ্য হইবে।

০৩। ২০-০৯-২০২১ তারিখের মধ্যে এই আদেশ বলে নির্ধারিত অধিক্ষেত্রে সংশ্লিষ্ট আয়কর নথি বদলি করিয়া কর কমিশনারের কার্যালয়ে পরিপালন প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

০৪। রাজস্ব আহরণের স্বার্থে এই আদেশ প্রদান করা হইল এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকিবে।

(মোঃ সাইফুল হক)
কর কমিশনার (চঃদাঃ)
কর অঞ্চল-সিলেট।

নথি নং-আ-৩/ কঃঅঃসিলেট/২০২১-২০২২/ তারিখঃ ০২-০৯-২০২১খ্রিঃ

অনুলিপি ঃ-

১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/কর আপীল ও অব্যাহতি/কর নীতি/কর জরীপ ও পরিদর্শন/অডিট, ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/তথ্য ব্যবস্থাপনা ও সেবা, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫,ঢাকা/ বৃহৎ করদাতা ইউনিট,ঢাকা/ কেন্দ্রীয় জরীপ অঞ্চল,ঢাকা/ মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/মহাপরিচালক ও অধ্যক্ষ, কর প্রশিক্ষণ পরিদপ্তর, বিসিএস (কর) একাডেমী, ঢাকা/ মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/ চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/ চট্টগ্রাম।
৫। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/নারায়নগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/কুমিল্লা/বগুড়া।
৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। প্রথম সচিব (কর নীতি/কর বিধি/কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ/আয়কর জরীপ ও পরিদর্শন/আপিল ও অব্যাহতি/কর প্রশাসন/ তথ্য ব্যবস্থাপনা ও সেবা/অডিট, ইন্টেলিজেন্স ও ইনভিস্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮। সকল বিভাগীয় প্রতিনিধি, কর আপীলাত ট্রাইবুনাল, ঢাকা।
৯। পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-সিলেট।
১০। দ্বিতীয় সচিব, কর পরিবীক্ষণ ও সমন্বয়/তথ্য ব্যবস্থাপনা ও মূল্যায়ন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। সকল উপ/ সহকারী/অতিক্তি সহকারী কর কমিশনার, কর অঞ্চল-সিলেট।
১২। উপ নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, ঢাকা।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। রেজিষ্ট্রার, কর আপীলাত ট্রাইবুনাল, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট।
১৬। সভাপতি, সিলেট চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাষ্ট্রিজ, সিলেট।
১৭। সভাপতি, ট্যাক্সেস বার এসোসিয়েশন, সিলেট।
১৮। অফিস কপি।

(মোঃ আবু সাঈদ)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-সিলেট।